# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ৬. ২২. অলৌকিক কুদরত দেখানো নবীকেও হত্যা করতে হবে

অলৌকিক মুজিযাধারী নবীও যদি অন্য কোনো ধর্মের বা দেবতার কথা বলে তবে তাকেও হত্যা করতে হবে: ‘‘ধরে নাও, তোমাদের মধ্যে কোন নবী বা স্বপ্ন দেখে ভবিষ্যতের কথা বলতে পারে এমন কেউ দেখা দিল এবং তোমাদের কাছে কোন চিহ্ন বা কুদরতির কথা বলল আর তা সত্যিই ঘটল। সেই লোকও যদি তোমাদের কাছে নতুন এমন দেব-দেবীর সম্বন্ধে বলে, ‘চল, আমরা দেব-দেবীর কাছে গিয়ে তাদের পূজা করি, তবে তোমরা সেই নবী বা স্বপ্ন দেখা লোকের কথা শুনো না। ... সেই নবী বা সেই স্বপ্ন-দেখা লোকটাকে হত্যা করতে হবে, কারণ তোমাদের মাবুদ আল্লাহ, যিনি মিসর থেকে তোমাদের বের করে এনেছেন এবং সেই গোলামীর দেশ থেকে তোমাদের মুক্ত করেছেন, সে তাঁরই বিরুদ্ধে বিদ্রোহের উসকানি দিয়েছে এবং তোমাদের মাবুদ আল্লাহ যে পথে চলতে তোমাদের হুকুম দিয়েছেন সেই পথ থেকে তোমাদের ফিরাতে চেষ্টা করেছে।’’ (দ্বিতীয় বিবরণ ১৩/১-৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14427

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন